গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
হিসাব ও অর্থ বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.৩২.০৩১.২০ -৪৬ তারিখ: ০১.০৭.২০২৬খ্রি.

বিষয়: **খাদ্য অধিদপ্তরের খাদ্যশস্য বিক্রয় ও নন-ট্যাক্স রেভিনিউ বাবদ অর্থ যথাযথ কোডে জমাকরণ প্রসঙ্গে।**

সূত্র: হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তরের স্মারক নং -০৪ তারিখ-১৯.০১.২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরের খাদ্যশস্য বিক্রয় ও করব্যতিত রাজস্ব প্রাপ্তি বাবদ অর্থ যথাযথ কোড নং ও খাতে জমা প্রদানের লক্ষ্যে সূত্রস্থ স্মারকের মাধ্যমে জমার কোড নং সরবরাহ এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু আইবাস রিপোর্ট যাচাইয়ান্তে লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত নির্দেশনা প্রদান করা সত্বেও কিছু কিছু ক্ষেত্রে ভুল কোড ও খাতে টাকা জমা হচ্ছে, যা আর্থিক শৃঙ্খলার পরিপন্থী। খাদ্যশস্য বিক্রয় বাবদ চালানে টাকা জমার ক্ষেত্রে যথাযথ কোড ও খাতে জমা না হলে পরবর্তীতে হিসাবায়নে জটিলতা সৃষ্টি হয়। উল্লেখ্য যে, বিভিন্ন বিতরণ চ্যানেলে খাদ্যশস্য নগদ বিক্রয়কালে প্রাপ্য অর্থ "১৪৮০২০১-১২০০০২৬০২-খাদ্য বিতরণ-নগদ বিক্রয়'-এ জমা হওয়ার কথা থাকলেও অনেক ক্ষেত্রে "১৪৮০২০১-১৩০২২০-প্রধান কার্যালয়, খাদ্য অধিদপ্তর"এ জমা হচ্ছে, যা মোটেও কাম্য নয়। আবার নন-ট্যাক্স রেভিনিউ বাবদ খাদ্য অধিদপ্তরের আয়ের ক্ষেত্রে শুধুমাত্র ১৪৮০২০১-১৩০২২০-প্রধান কার্যালয়, খাদ্য অধিদপ্তরের অনুকূলে টাকা জমা হওয়ার কথা থাকলেও নিজ নিজ দপ্তর বা অফিস কোডের অনুকূলে জমা হচ্ছে। এতে, জটিলতা আরও বেড়ে যাচ্ছে। বিশেষভাবে উল্লেখ্য যে, খাদ্য অধিদপ্তরাধীন বিভিন্ন সিএসডি/এলএসডিতে বসবাসকারী কর্মকর্তা/কর্মচারীদের বাসা ভাড়া বাবদ অর্থ প্রধান কার্যালয়ের ১৪৮০২০১-১৩০২২০-১৪২১৩০২-ভাড়া-আবাসিক খাতে জমা হওয়ার কথা থাকলেও আইবাস রিপোর্টে তার প্রতিফলন দেখা যাচ্ছে না। ফলে খাদ্যশস্য বিক্রয় বাবদ প্রাপ্য অর্থ ও করব্যতীত রাজস্ব প্রাপ্তি বাবদ প্রাপ্য অর্থ সঠিকভাবে হিসাবভুক্ত করা সম্ভব হচ্ছে না, যা মোটেও কাম্য নয়।

০২। অপরদিকে, ১৮ মে'২০২৬ তারিখের অর্থ বিভাগের ০৭.০০.০০০০.০০০.১৩৮.২২.০০০২.২৫.১২৪ নং পরিপত্র মোতাবেক ০১ জুলাই'২০২৬ তারিখ হতে ম্যানুয়াল চালান পদ্ধতি সম্পূর্ণ বন্ধ এবং সকল সরকারি রাজস্ব ও অন্যান্য প্রাপ্তির ক্ষেত্রে শতভাগ ' এ-চলান' ব্যবস্থা বাস্তবায়ন করতে হবে।

০৩। এমতাবস্থায়, ভবিষ্যতে খাদ্যশস্য বিক্রয় বাবদ প্রাপ্য অর্থ ও নন-ট্যাক্স রেভিনিউ বাবদ প্রাপ্য অর্থ সঠিক কোড নং ও খাতে আবশ্যিকভাবে **'এ-চালান' এর মাধ্যমে** জমা করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হলো। এক্ষেত্রে যদি কোন ব্যতয় ঘটে তাহলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাকেই বহন করতে হবে। একইসংগে খাদ্য অধিদপ্তরের খাদ্যশস্য বিক্রয় বাবদ প্রাপ্য অর্থ ও নন-ট্যাক্স রেভিনিউ বাবদ প্রাপ্য অর্থ সঠিক কোড নং ও খাতে জমাকরণের লক্ষ্যে কোড নং ও খাতের তালিকা (**সংযুক্ত পরিশিষ্ট 'ক'**) প্রদান করা হলো।

**সংযুক্তি : ১(এক) পাতা।**

বিতরণ :
১) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা
২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)।নিজ দপ্তরসহ অধীনস্থ দপ্তরসমূহকে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।
৩) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
৪) সাইলো অধীক্ষক. . . . .. (সকল)
৫) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (সকল)
৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, . . . . . (সকল)
৭) আহরণ ও ব্যয়ন কর্মকর্তা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৮) ব্যবস্থাপক(সকল),. . . . . . . সিএসডি।
৯) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(সকলা), .........................।
১০) সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, . . . . . . . . . . . এলএসডি(গ্রেড-১)।
১১) ভারপ্রাপ্ত, কর্মকর্তা(সকল), ........................এলএসডি।

রেজা মোহাম্মদ মহসিন
পরিচালক(অ:দা:)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.৩২.০৩১.২০

তারিখ: ০৭.২০২৬খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

২) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর,ঢাকা।

৩) পরিচালক . . . (সকল), খাদ্য অধিদপ্তর,ঢাকা।

৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট।

৫) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম/অভ্য: নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর,ঢাকা।

৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর,ঢাকা।

মাহমুদা আক্তা মৌসুমী
উপপরিচালক(অ:দা:)
হিসাব ও অর্থ বিভাগ।

## খাদ্য অধিদপ্তরের প্রাপ্তি (আয়) হিসেবে জমা করার বিভিন্ন কোড নং ও খাতের নাম 'পরিশিষ্ট-ক'

১। খাদ্যশস্য বিক্রয়ের ক্ষেত্রেঃ **১৪৮০২০১-১২০০০২৬০২-খাদ্য বিতরণ-নগদ বিক্রয়**

| যথাযথ কোড ও খাতের নাম |
|---|
| ১৪৮০২০১-১২০০০২৬০২-২১২৪১০১-চাল বিক্রয় |
| ১৪৮০২০১-১২০০০২৬০২-২১২৪১০২-গম বিক্রয় |

২। নন-ট্যাক্স রেভিনিউ এর ক্ষেত্রেঃ **১৪৮০২০১-১৩০২২০-প্রধান কার্যালয়, খাদ্য অধিদপ্তর**

| যথাযথ কোড ও খাতের নাম |
|---|
| ১৪৮০২০১-১৩০২২০-১৪২১৩০১-ভাড়া-অনাবাসিক |
| ১৪৮০২০১-১৩০২২০-১৪২১৩০২-ভাড়া-আবাসিক |
| ১৪৮০২০১-১৩০২২০-১৪২২১৯৯-অন্যান্য লাইসেন্স ফি |
| ১৪৮০২০১-১৩০২২০-১৪২২৩২৬-পরীক্ষা ফি |
| ১৪৮০২০১-১৩০২২০-১৪২২৩২৮-দরপত্র দলিল ফি |
| ১৪৮০২০১-১৩০২২০-১৪২৩২০৪-সরকারি যানবাহন ব্যবহার ফি |
| ১৪৮০২০১-১৩০২২০-১৪২৩২২৬-ব্যবহৃত কাগজ ও স্টেশনারি বিক্রয় |
| ১৪৮০২০১-১৩০২২০-১৪৩১১০১-জরিমানা |
| ১৪৮০২০১-১৩০২২০-১৪৩১১০৩-বাজেয়াপ্তকরণ |
| ১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯-অন্যান্য আদায় |
| ১৪৮০২০১-১৩০২২০-২১২৪১০৭-ভূসি বিক্রয় |

৩। পূর্ববর্তী অর্থবছরের অতিরিক্ত গৃহীত অর্থ ফেরত প্রদানের ক্ষেত্রেঃ

| যথাযথ কোড ও খাতের নাম |
|---|
| ১০৯০১০১-১০১৪৩৫-১৪৪১২০২-পূর্ববর্তী অর্থ বছরের অতিরিক্ত গৃহীত অর্থ ফেরত |

০২/০৯/২৬
(মোঃ হারুন অর রশিদ)
প্রধান সহকারী
সংস্থাপন-হিসাব ও অর্থ বিভাগ

০৩/০৯/২০২৬
মোঃ শেখ আসাদুজ্জামান
সহকারী উপপরিচালক
হিসাব ও অর্থ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

০৯-০৯-২৬
মাহমুদা আক্তার মৌসুমী
উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
প্রদান, ক্রয় ও একত্রিকরণ শাখা
হিসাব ও অর্থ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা

রেজা মোহাম্মদ মহসিন
পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ (অ: দা:)
পরিচিতি নম্বর-০২১৪০
খাদ্য অধিদপ্তর, ঢাকা।